

## 💵 প্রশোত্তরে রম্যান ও ঈদ

বিভাগ/অধ্যায়ঃ ঈদ: সংজ্ঞা, প্রচলন ও হুকুম আহকাম রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নুরুল ইসলাম

ঈদের সালাতে কোন আযান ও ইকামাত নেই এ বিষয়ে দলীল আছে কি?

হাঁ, দলীল আছে।

(১) ইবনে আব্বাস ও জাবের রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তারা বলেন,

(রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম'র যামানায়) ঈদুল ফিতর ও ঈদুল আযহার সালাতে আযান দেয়া হতো না। (বুখারী : ৯৬০)

(২) জাবের ইবনে সামুরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন,

صَلَّيْتُ مَعَ رَسُوْلِ اللهِ عصلى الله عليه وسلم الْعِيْدَيْنِ غَيْرَ مَرَّةٍ وَلاَ مَرَّتَيْنِ بِغَيْرِ آذَانٍ وَلاَ إِقَامَةٍ আমি বহুবার রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম'র সাথে দু' ঈদের সালাত আদায় করেছি কোন আযান ও ইকামাত ছাড়াই। (মুসলিম : ৮৮৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2622

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন